

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ২৫/২০১৭

তারিখঃ ২৭/০৩/২০১৭খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর স্মারক নং-পরিঃনিঃদ/সা/লাইসেন্স/১৪৯/১৬/৫৫০, তারিখঃ ২১/০৩/২০১৭ সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মুছা)
সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর

নং-পরিঃনিঃদ/সা/লাইসেন্স/১৪৯/১৬/৫৫০

তারিখঃ ২১/০৩/২০১৭

বরাবরে,

১। সভাপতি/সাধারণ সম্পাদক
চিটাগাং কাস্টমস্ সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন
সিএন্ডএফ টাওয়ার, আখ্ৰাবাদ বা/এ, চট্টগ্রাম।

২। সভাপতি/সাধারণ সম্পাদক
সিএন্ডএফ এজেন্টস্ কর্মচারী ইউনিয়ন(সিবিএ)
১নং জেটি গেইট, বারিক বিল্ডিং, চট্টগ্রাম।

বিষয়ঃ সিএন্ডএফ এর অনুকূলে জেটি সরকার সহকারীদের ডাটাবেস সম্পন্ন ও অস্থায়ী গেইট পাশ শাখা নিরাপত্তা বিভাগ/
চবক হতে অস্থায়ী গেইট পাশ ইস্যু করন প্রসঙ্গে।

১। জেটি সরকার সহকারীদের নির্দিষ্ট সিএন্ডএফ এর অনুকূলে ডাটাবেস সম্পন্ন ও অস্থায়ী গেইট পাশ শাখা নিরাপত্তা বিভাগ/চবক হতে ০১দিন থেকে সর্বোচ্চ ২৮ দিনের অস্থায়ী গেইট পাশ নির্ধারিত ফি প্রদান পূর্বক সংগ্রহের ক্ষেত্রে নিম্নলিখিত পত্রাদি জমা দিতে হবে। কাগজ পত্রাদি নিম্নরূপঃ

ক। জেটি সরকার সহকারীদের ডাটাবেস সম্পন্ন করতে হলে উক্ত প্রতিষ্ঠানের মালিকের অথবা মালিক কর্তৃক প্রদত্ত স্বাক্ষর ক্ষমতা প্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর যুক্ত প্যাডে আবেদন করতে হবে।

খ। আবেদন পত্রের সাথে প্রতিষ্ঠানের মালিক কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

গ। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ০২ কপি। মালিক কর্তৃক সত্যায়িত।

ঘ। একজন সহকারী একের অধিক প্রতিষ্ঠানে ডাটাবেস করতে পারবে না। ডাটাবেস করতে হলে পূর্বের প্রতিষ্ঠানের মালিকের ছাড়পত্র জমা দিতে হবে।

ঙ। আগামী ০১/০৪/২০১৭ইং তারিখ হতে অস্থায়ী গেইট পাশ শাখা হতে বিকাল ১৫০০ ঘটিকার পর কোন পাশ ইস্যু করা হবে না।

স্বাক্ষরিত/-
উপ-পরিচালক (নিরাপত্তা)/অপারেশন
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ